



দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং- ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা- ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স- ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল: dmfwestbengal@gmail.com

মেমো নং - ডি.এম.এফ/ প্রেস/ ১৬/ ২১

৩রা মে, ২০২১

শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়,
মাননীয় মুখ্যমন্ত্রী,
পশ্চিমবঙ্গ সরকার,
'নবান্ন', হাওড়া-৭১১১০২

বিষয়ঃ বিধানসভা নির্বাচনে বিরাট জয়ের জন্য অভিনন্দন

মাননীয় মহাশয়া,

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরামের (ডি.এম.এফ) পক্ষ থেকে বিধানসভা নির্বাচনে বিরাট ও তাৎপর্যপূর্ণ জয়ের জন্য আপনাকে ও সর্ব ভারতীয় তৃণমূল কংগ্রেসকে হার্দিক অভিনন্দন জানাই।

আমরা আশা করি আগামী বছরগুলোয় আপনার সরকার পশ্চিমবঙ্গ তথা ভারতের সাধারণ জনগনের জন্য বহু স্বার্থক প্রয়াস গ্রহণ করবে। ডি.এম.এফ ক্ষুদ্র মৎস্যজীবীদের জীবন-জীবিকা এবং জলাশয় ও মৎস্য সম্পদ রক্ষা ও বিকাশে আপনার সরকারের সদর্থক ও কার্যকরী পদক্ষেপের প্রতীক্ষা করছে এবং এই উদ্যোগে সর্বাঙ্গিক সমর্থনের প্রতিশ্রুতি দিচ্ছে।


আন্তরিক শুভেচ্ছা সহ,

প্রদীপ চ্যাটার্জী

প্রদীপ চ্যাটার্জী,

সভাপতি,

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম



মমতা ব্যানার্জী
মমতা বৈনর্জী
ممتا بنرجی
Mamata Banerjee



মুখ্যমন্ত্রী, পশ্চিমবঙ্গ
মুখ্যমন্ত্রী, পশ্চিম বঙ্গাল
وزیر اعلیٰ مغربی بنگال
CHIEF MINISTER, WEST BENGAL

৬ মে, ২০২১

প্রিয় প্রদীপবাবু,

আপনার শুভেচ্ছাবার্তা আমি পেয়েছি। ফোরামের সকল সদস্যকে জানাই আমার আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ।

এই জয় বাংলার মা-মাটি-মানুষের জয়। উন্নয়নের জয়। আর সর্বোপরি, একতা, শান্তি, সম্প্রীতি, সংস্কৃতি, সভ্যতা এবং সৌভ্রাতৃত্বের জয়।

গত ১০ বছরে অনেক কাজ আমরা করেছি। আগামীদিনেও আরও অনেক কাজ আমরা করব। বাংলার মানুষ যে ভরসা আজ আমাদের ওপর রাখলেন, আমরা তার যোগ্য সম্মান দেবো। বাংলাকে সাফল্যের নতুন শিখরে পৌঁছে দেবো - এই আমাদের অঙ্গীকার।

আপনাদের শুভকামনাই হবে আমাদের চলার পথের পাথেয়।

আমার দৃঢ় বিশ্বাস, আগামীদিনে বাংলাই ভারতকে পথ দেখাবে।

জয় হিন্দ, জয় বাংলা।

শুভেচ্ছান্তে,

(মমতা ব্যানার্জী)

শ্রী প্রদীপ চ্যাটার্জী
সভাপতি, দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম
২০/৪, শিল লেন
কলকাতা- ৭০০ ০১৫

Nabanna, West Bengal Secretariat, Howrah - 711 102
West Bengal, India

Tel : + 91-33-22145555, + 91-33-22143101

Fax : + 91-33-22144046, + 91-33-22143528